

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৪৩

১৫/ কিতাবুল জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২১৫. স্ত্রীলোকের কাফন সম্পর্কে।

باب فِي كَفَنِ الْمَرْأَةِ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا أَبِي، عَنِ ابْنِ إِسْحَاقَ، حَدَّثَنِي نُوحُ بْنُ حَكِيمِ الثَّقَفِيُّ، \_ وَكَانَ قَارِبًّا لِلْقُرْآنِ \_ عَنْ رَجُل، مِنْ بَنِي عُرْوَةَ بْنِ مَسْعُودٍ يُقَالُ لَهُ دَاوُدُ قَدْ وَلَّدَتْهُ أُمُّ حَبِيبَةَ بِنْتُ أَبِي سُفْيَانَ زَوْجُ النَّبِيِّ صلى الله عليه وسلم عَنْ لَيْلَى بِنْتِ قَانِفِ الثَّقَفِيَّةِ قَالَتْ كُنْتُ فِيمَنْ غَسَّلَ أُمَّ كُلْثُومٍ بِنْتَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم الله عليه وسلم الْحِقَاءَ ثُمَّ عليه وسلم الْحِقَاءَ ثُمَّ الدِّرْعَ ثُمَّ الْخِمَارَ ثُمَّ الْمُلْحَفَة ثُمَّ أُدْرِجَتْ بَعْدُ فِي الثَّوْبِ الآخِرِ قَالَتْ وَرَسُولُ اللّهِ صلى الله عليه وسلم الْحِقَاءَ ثُمَّ الدِّرْعَ ثُمَّ الْخِمَارَ ثُمَّ الْمُلْحَفَة ثُمَّ أُدْرِجَتْ بَعْدُ فِي الثَّوْبِ الآخِرِ قَالَتْ وَرَسُولُ اللّهِ صلى الله عليه وسلم عَنْدَ الْبَابِ مَعَهُ كَفَنُهَا يُنَاوِلُنَاهَا ثَوْبًا ثَوْبًا ثَوْبًا

## বাংলা

৩১৪৩. আহমদ ইবন হাম্বল (রহঃ) ..... লায়লা বিনতে কায়েফ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ যে মহিলারা উম্মু কুলছুম বিনতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর ইন্তিকালের পর গোসল দিয়েছিল, আমিও তাদের একজন ছিলাম। (তাঁর গোসল সম্পন্ন হওয়ার পর) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাফনের জন্য সর্বপ্রথম আমাদের তহবন্দ প্রদান করেন, এরপর জামা, সিরবন্দ, চাদর এবং শেষে এমন একটা কাপড় প্রদান করেন, যা উপরে জড়িয়ে দেওয়া হয়।

রাবী বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দরওয়াযার উপর বসা ছিলেন এবং কাফনের কাপড় তাঁর কাছেই ছিল। তিনি সেখান হতে এক-একটা কাপড় প্রদান করছিলেন।

## **English**

Narrated Layla daughter of Qa'if ath-Thaqafiyyah:



I was one of those who washed Umm Kulthum, daughter of the Prophet (\*\*), when she died. The Messenger of Allah (\*\*) first gave us lower garment, then shirt, then head-wear, then cloak (which covers the whole body), and then she was shrouded in another garment. She said: The Messenger of Allah (\*\*) was sitting at the door, and he had shroud with him. He gave us the garments one by one.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন